



বর্ডার গার্ড বাংলাদেশ
বর্ডার গার্ড হাসপাতাল, গুইমারা, খাগড়াছড়ি



আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহকারী
প্রতিষ্ঠান নিয়োগের দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বর্ডার গার্ড বাংলাদেশ, বর্ডার গার্ড হাসপাতাল, গুইমারা, খাগড়াছড়ি এর অধীন আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান নিয়োগের জন্য সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের অভিজ্ঞতাসম্পন্ন ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত সিডিউলে নিম্নস্বাক্ষরকারীর নামে সীলমোহরকৃত খামে নিম্নোক্ত শর্তাধীনে দরপত্র আহবান করা যাচ্ছে :

ক্রমিক	পদের নাম	শূন্য আসনের সংখ্যা	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা
১.	অফিস সহায়ক	০২	১৮-৩০ বছর	এসএসসি পাশ
২.	ইলেকট্রিশিয়ান	০১	২০-৩০ বছর	এসএসসি পাশ
৩.	লিফট অপারেটর	০১	১৮-৩০ বছর	এসএসসি পাশ
৪.	আয়া (মহিলা)	০৮	২০-৩০ বছর	অষ্টম শ্রেণী পাশ
৫.	ওয়ার্ড বয়	০৫	১৮-৩০ বছর	অষ্টম শ্রেণী পাশ
৬.	টেইলার	০১	১৮-৩০ বছর	অষ্টম শ্রেণী পাশ
৭.	প্লাম্বার	০১	১৮-৩০ বছর	অষ্টম শ্রেণী পাশ
৮.	জেনারেটর অপারেটর	০১	১৮-৩০ বছর	অষ্টম শ্রেণী পাশ
৯.	পাম্প অপারেটর	০১	১৮-৩০ বছর	অষ্টম শ্রেণী পাশ
১০.	লব্ধি অপারেট	০১	১৮-৩০ বছর	অষ্টম শ্রেণী পাশ
১১.	মালী	০১	১৮-৩০ বছর	অষ্টম শ্রেণী পাশ
১২.	বাবুর্চি	০৩	১৮-৩০ বছর	অষ্টম শ্রেণী পাশ
১৩.	পরিচ্ছন্নতাকর্মী (পুরুষ/মহিলা)	১০	১৮-৩০ বছর	অষ্টম শ্রেণী পাশ

- ১। দরপত্র দাখিলের ছকপত্র, সিডিউল ইত্যাদি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে ৫০০/- (পাঁচশত) টাকা অফেরতযোগ্য মূল্যে পত্রিকায় প্রকাশ হওয়ার তারিখ হতে ০৭ দিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (ছটির দিন ও শুক্রবার ব্যতীত) আহ্বিত দরপত্রদাতাগণ দ্রুত করতে পারবেন।
- ২। দরপত্র আগামী ৩১ মে ২০১৮ তারিখ বেলা ১২০০ ঘটিকা পর্যন্ত বর্ডার গার্ড বাংলাদেশ, বর্ডার গার্ড হাসপাতাল, গুইমারা, খাগড়াছড়ি এর টেন্ডার বাস্তবে গ্রহণ করা হবে। নির্দিষ্ট সময়ের পরে কোন দরপত্র গ্রহণ করা হবে না এবং এদিন বেলা ১২৩০ ঘটিকার সময় দরপত্রদাতাদের অথবা তাদের নিযুক্ত প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ৩। কোন ব্যক্তি বিশেষের সাথে অত্র সংস্থার কোন চুক্তি হবে না বা কোন নিয়োগপত্র ইস্যু করা হবে না। জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হবে।
- ৪। প্রাপ্ত দরপত্র বাছাইয়ে যাদের প্রস্তাব বিবেচিত হবে কেবলমাত্র তাদের প্রার্থীদের ইন্টারভিউ এর জন্য ডাবলা হবে। ইন্টারভিউ এর তারিখ ও সময় পরবর্তীতে জানানো হবে। ইন্টারভিউ এ অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ৫। আউট সোর্সিং পদ্ধতিতে নিয়োজিত কোন কর্মচারীর অদক্ষতা, অবহেলার কারণে অত্র সংস্থার কোন মূল্যবান দিনিস বা সম্পদের ক্ষতি হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে তার দায় বহন করতে হবে।
- ৬। নির্বাচিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যেক প্রার্থীর জন্য (সংগ্রহিতসহ) নিম্নবর্ণিত নথি/সনদপত্রসমূহ দাখিল করতে হবে :
 - ক। সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি।
 - খ। জীবন বৃত্তান্ত।
 - গ। সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র এবং জন্মনিবন্ধন সনদের ফটোকপি।
 - ঘ। প্রার্থীর সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভার চেয়ারম্যান/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের ফটোকপি।
 - ঙ। বর্ণিত সকল সনদপত্র ও ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক যথাযথভাবে সত্যায়িত হতে হবে।
- ৭। যে সকল প্রার্থী ইন্টারভিউতে গ্রহণযোগ্য বিবেচিত হবে না, অত্র দপ্তরের পত্র প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে নির্বাচিত প্রতিষ্ঠানকে তাদের পরিবর্তে অন্য প্রার্থীর নাম ৬ নং ক্রমিকে বর্ণিত কাগজপত্রসহ পুনঃ প্রস্তাব করতে হবে।
- ৮। সরবরাহকৃত জনবলের মধ্যে কারো কাজের মান সন্তোষজনক না হলে অবহিতকরণের পরবর্তী ১০(দশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট ব্যক্তির পরিবর্তে উপযুক্ত জনবল সরবরাহ করতে হবে।
- ৯। কর্তৃপক্ষ যে কোন প্রস্তাব/দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা এবং পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা প্রার্থিতা বাতিলের এখতিয়ার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১০। পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের পর থেকে ০৭ দিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা যেতে পারে। তথ্য সংগ্রহের জন্য পরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ, বর্ডার গার্ড হাসপাতাল, গুইমারা, খাগড়াছড়ি টেলিফোন নম্বর ০৩৭১-৯১০৩৪ এর অফিস চলাকালীন সময়ে (১০০০-১৪৪৫) ঘটিকার মধ্যে যোগাযোগ করা যেতে পারে।
- ১১। আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮ ও আউটসোর্সিং এর বিষয়ে সময়ে সময়ে জারীকৃত আইন, বিধিমালা, নির্দেশনা ইত্যাদি অনুসারে চুক্তি পরিচালিত হবে।

অধিনায়ক

বর্ডার গার্ড বাংলাদেশ, বর্ডার গার্ড হাসপাতাল, গুইমারা, খাগড়াছড়ি

সাইজ (৯ X ৪ কলাম)